

## তেমন হলে

যাব তো যাব সাইবেরিয়া কোদাল হাতে মাটি কোপাতে  
 পাখি ওড়াব কলকাতার দিকে  
 ছেঁড়ার মতো চুল মাথায় নেই তো আর,  
 ভাগ্য যদি হেঁসে করে ছিঁড়তে পারি শিকে  
 ছাড়তে যদি বাধ্য হই ছেড়েই দেবো  
 যেমন সিগারেট  
 ছেড়ে দিলাম পরশু মাঝরাতে  
 ধরার কথা উঠলে পরে অজুহাতই সবার সেরা  
 শেওলা লেগে বাঁহাতে-ডানহাতে

রাখার কথা বলছো সোনা--- এম.এ.তে. পঞ্চান্ন রাখো  
 যেভাবে সাপ মাথায় মণি রাখে  
 ডোবাতে হ'লে মগ ডোবাবো ভঁতকা ড্রামে,  
 ঠাণ্ডা জল শরীরটাকে বাঁধবে সাতপাকে

রাঁধতে যদি আদেশ করো রাঁধব একদিন  
 একটুখানি বাঁচার গায়ে একটুখানি মরা  
 মিশিয়ে বেশ জবরদস্ত একটা ঘূম---  
 স্বপ্ন কম, মশলা বেশি  
 ভেতরে চুকে বোরো ;  
 ধ্যান্তেরিকা পাগল আমি ভুলেই গেছিলাম  
 তুমি তো চিরজাগ্রত আপন বোন  
 আগনে দেশলাইয়ের কাঠি গঁজো ।

আগন যদি এসেই গেল নেব তো নেব উনুনে নেব  
 পাঞ্চা দুটো সেঁকে  
 শনাত্ত কি করতে হবে ? করব তবে  
 আমার এতদিনের লেখালিখি...  
 (যাঁদের মুখ থেঁতলে গেছে মিনি বাসের নীচে)  
 শার্ট দেখে গেঞ্জি দেখে আন্দরওয়ার দেখে !

বিনায়ক বন্দ্যোপাধ্যায়

